## দ্বাদশ শ্রেণি ● ইতিহাস ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

## ● ঔপনিবেশিক আধিপত্যের প্রকৃতি : নিয়মিত ও অনিয়মিত সাম্রাজ্য ● সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রতিক্রিয়া

❖ **সঠিক উত্তরটি নির্বাচন করো(M.C.Q.)** **(Marks-1)**

**1. প্রথম বাংলা সংবাদপত্রের নাম-**
a. সমাচার দর্পণ b. সোমপ্রকাশ
c. হিন্দু প্যাট্রিয়ট d. বন্দেমাতরম্
**উত্তর :** a. সমাচার দর্পণ

**2. আধুনিক ভারতের জনক বলা হয়-**
a. রামমোহন রায়কে b. ডিরোজিওকে
c. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে d. স্বামী বিবকানন্দকে
**উত্তর :** a. রামমোহন রায়কে

**3. কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-**
a. ১৮১৭ খ্রি: b. ১৮১৫ খ্রি:
c. ১৮৫০ খ্রি: d. ১৮৫৭ খ্রি:
**উত্তর :** d. ১৮৫৭ খ্রি:

**4. গান্ধি প্রবর্তিত 'হরিজন' -এর অর্থ-**
a. অস্পৃশ্য b. নিপীড়িত
c. ঈশ্বরের সন্তান d. তপশিলি জাতি
**উত্তর :** c. ঈশ্বরের সন্তান

**5. তাইপিং বিদ্রোহ শুরু হয়েছিল চিনের-**
a. কোয়াংসি-তে b. নানকিং-এ
c. পিকিং-এ d. সাংহাই-এ
**উত্তর :** a. কোয়াংসি-তে

**6. প্রার্থনা সমাজ প্রতিষ্ঠা করেন-**
a. আত্মারাম পান্ডুরঙ্গ b. মহাদেব গোবিন্দ রানাডে
c. আর জি ভান্ডারকর d. কেশব কার্ভে
**উত্তর :** b. মহাদেব গোবিন্দ রানাডে

**7. কলারাম মন্দিরে প্রবেশের জন্য আন্দোলন করেছিলেন-**
a. গান্ধিজি b. ড. আম্বেদকর
c. বীরসালিঙ্গম d. কেশবচন্দ্র সেন
**উত্তর :** b. ড. আম্বেদকর

**8. ভাস্কো-দা-গামা প্রথম ভারতের যে বন্দরে আসেন-**
a. কালিকট b. কোচিন
c. সুরাট d. কলকাতা
**উত্তর :** a. কালিকট

**9. 'রেগুলেটিং অ্যাক্ট' চালু হয়-**
a. ১৭৮৪ খ্রিস্টাব্দে b. ১৭৭৩ খ্রিস্টাব্দে
c. ১৭৫৭ খ্রিস্টাব্দে d. ১৭৬৪ খ্রিস্টাব্দে
**উত্তর :** b. ১৭৭৩ খ্রিস্টাব্দে

**10. 'দ্বৈত শাসনব্যবস্থা' চালু হয়-**
a. হায়দ্রাবাদে b. পাঞ্জাবে
c. বাংলায় d. দিল্লিতে
**উত্তর :** c. বাংলায়

**11. ভারতীয় রলপথের জনক-**
a. ওয়ারন হেস্টিংস b. লর্ড ডালহৌসি
c. ক্লাইভ d. কর্নওয়ালিশ
**উত্তর :** b. লর্ড ডালহৌসি

**12. ভারতে প্রথম কয়লাখনি আবিস্কৃত হয়-**
a. দুর্গাপুরে b. ঝরিয়ায়
c. তালচরে d. রানিগঞ্জে
**উত্তর :** d. রানিগঞ্জে

**13. ভারতের ম্যাকিয়াভেলি নামে যিনি পরিচিত-**
a. দ্বিতীয় বাজীরাও b. নারায়ণ রাও
c. রঘুনাথ রাও d. নানা ফরনবীশ
**উত্তর :** d. নানা ফরনবীশ

**14. 'মুক্তদ্বার নীতি' ঘোষণা করেন-**
a. স্যার জন হে b. ম্যাথুপরি
c. ক্যাম্পবশ d. চালর্স বয়ার্ড
**উত্তর :** a. স্যার জন হে

**15. 'নানকিং'-এর সন্ধি সাক্ষরিত হয়-**
a. ১৮৪২ খিস্টাব্দে b. ১৭৮২ খিস্টাব্দে
c. ১৮৪০ খিস্টাব্দে d. ১৮৪৪ খিস্টাব্দে।
**উত্তর :** a. ১৮৪২ খিস্টাব্দে

**16. 'উদীয়মান সুর্যের দেশ' বলা হয়-**
a. ভারতকে b. রাশিয়াকে
c. চিনকে d. জাপানকে
**উত্তর :** d. জাপানকে

**17. 'চুঁইয়ে পড়া নীতির' প্রবর্তক-**
a. মেকলে b. রামমোহন রায়
c. বেন্টিঙ্ক d. ডেভিড হেয়ার
**উত্তর :** a. মেকলে

**18. 'গুলামগিরি' গ্রন্থটি রচনা করেন-**
a. শ্রীনারায়ণ গুরু b. আত্মারাম
c. স্বামী দয়ানন্দ সরস্বতী d. জ্যোতিবা ফুলে
**উত্তর :** d. জ্যোতিবা ফুলে

**19. 'বর্তমান ভারত' রচনা করেন-**
a. স্বামী বিবকানন্দ b. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c. রাজা রামমোহন রায় d. রবীন্দ্রনাথ ঠাকুর
**উত্তর :** a. স্বামী বিবকানন্দ

**20. 'তত্ত্বাধিনী' পত্রিকা প্রকাশ করেন-**
a. রাজা রামমোহন রায় b. কেলাপ্পান
c. কেশবচন্দ্র সেন d. ডিরোজিও
**উত্তর :** b. কেলাপ্পান

**21. 'ভাইকম সত্যাগ্রহ' শুরু করেন-**
a. শ্রীনারায়ণ গুরু b. মহাদেব গোবিন্দ রানাডে
c. আত্মারাম পান্ডুরঙ্গ d. জ্যোতিবা ফুলে
**উত্তর :** b. দেবেন্দ্রনাথ ঠাকুর

**22. ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠাতা-**
a. উইলিয়াম বেন্টিঙ্ক b. উইলিয়াম পিট
c. লর্ড ওয়েলেসলি d. ওয়ারেন হেস্টিংস
**উত্তর :** c. লর্ড ওয়েলেসলি

**23. 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি' ঘোষণা করেন-**

a. চার্চিল b. এটলি

c. মাউন্টব্যাটেন d. ম্যাকডোনাল্ড

**উত্তর :** d. ম্যাকডোনাল্ড

**24. সাউকারদের প্রধান কাজ-**

a. সুদের কারবার b. কৃষিকার্য

c. বাণিজ্য d. কর আদায়

**উত্তর :** a. সুদের কারবার

**25. ভারতের কমিউনিস্ট পার্টি গঠিত হয়-**

a. ১৯২০ খ্রিস্টাব্দে b. ১৯২২ খ্রিস্টাব্দে

c. ১৯২৫ খ্রিস্টাব্দে d. ১৯২৮ খ্রিস্টাব্দে

**উত্তর :** c. ১৯২৫ খ্রিস্টাব্দে

**26. 'জ্ঞানের আলো' একটি-**

a. বই b. প্রচারপত্র

c. পুস্তিকা d. সংবাদপত্র

**উত্তর :** d. সংবাদপত্র

**27. 'শুদ্ধি আন্দালনের' প্রবর্তক ছিলেন-**

a. গান্ধিজি b. দাদাভাই নওরাজি

c. সুরেন্দ্রনাথ ঠাকুর d. দয়ানন্দ সরস্বতী

**উত্তর :** d. দয়ানন্দ সরস্বতী

**28. 'স্বদেশের প্রতি' কবিতাটি রচনা করেন-**

a. ডিরোজিও b. রাজা রামমোহন রায়

c. বিদ্যাসাগর d. রবীন্দ্রনাথ ঠাকুর

**উত্তর :** a. ডিরোজিও

**29. হিন্দু কলেজের বর্তমান নাম-**

a. স্কটিশ চার্চ কলেজ b. লরেটো কলেজ

c. সেন্ট জেভিয়ার্স কলেজ d. প্রেসিডেন্সি ইউনিভার্সিটি

**উত্তর :** d. প্রেসিডেন্সি ইউনিভার্সিটি

**30. 'শিমোনোসেকির সন্ধি' সাক্ষরিত হয়-**

a. ১৮৯৪ খ্রিস্টাব্দে b. ১৮৯৫ খ্রিস্টাব্দে

c. ১৮৯৬ খ্রিস্টাব্দে d. ১৮৯৭ খ্রিস্টাব্দে

**উত্তর :** b. ১৮৯৫ খ্রিস্টাব্দে

## ❖ V.S.A. (Marks- 1)

**1. সূর্যাস্ত আইন কী ছিল ?**

**উত্তর :** কর্নওয়ালিশ প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের অন্যতম শর্ত ছিল **সূর্যাস্ত আইন** । এই আইনে বলা হয় বাংলা সালের হিসেবে বছরের শেষ দিনে সূর্যাস্ত হওয়ার আগেই জমিদাররা তাদের বকেয়া রাজস্ব জমা দিতে বাধ্য থাকবে, না হলে তাদের জমিদারি বাজেয়াপ্ত হবে ।

**2. অব-শিল্পায়ন কী ?**

**উত্তর :** ব্রিটিশ শাসনকালে ভারতের বাজারগুলি ইংল্যান্ডের শিল্প -কারখানায় উৎপাদিত পণ্যে ছেয়ে গেলে দেশের চিরাচরিত কুটিরশিল্প ধ্বংস হয়ে যায় । এই ঘটনা **'অব-শিল্পায়ন'** নামে পরিচিত ।

**3. কে, কবে পাঞ্জাব জয় করে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন ?**

**উত্তর :** ১৮৪৯ খ্রিস্টাব্দে ভারতের গভর্নর -জেনারেল লর্ড ডালহৌসি পাঞ্জাবকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন ।

## ❖ V.S.A. (Marks- 1)

**4. ভারতবর্ষে আমলাতন্ত্রের জনক কে ?**

**উত্তর :** লর্ড কর্নওয়ালিশ ।

**5. প্রথম ভারতীয় আইসিএস (ICS) -এর নাম কী ?**

**উত্তর :** সত্যেন্দ্রনাথ ঠাকুর ।

**6. মেকলের 'মিনিট' কী ?**

**উত্তর :** বোর্ড অব পাবলিক ইনস্ট্রাকশনের সভাপতি মেকলে ১৮৩৫ খ্রিস্টাব্দে বড়োলাট লর্ড বেন্টিঙ্কের কাছে একটি প্রস্তাব পেশ করে ভারত পাশ্চাত্য শিক্ষার সমর্থনে সরাসরি মত প্রকাশ করেন । মেকলের এই প্রস্তাব মেকলের 'মিনিট' নামে পরিচিত ।

**7. আলিগড় আন্দোলন বলতে কী বোঝায় ?**

**উত্তর :** বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে স্যার সৈয়দ আহমদ খান মুসলিম সমাজের মধ্যে শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি করে তাদের মধ্যে নবজীবনের সঞ্চার করেন । তিনি যে আলিগড় কলেজ প্রতিষ্ঠা করেন তাকে কেন্দ্র করে মুসলিম সমাজের সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক চিন্তাধারা বিবর্তিত হয় । মুসলিম সমাজের এই জাগরণ **'আলিগড় আন্দোলন'** নামে পরিচিত ।

**8. 'তিনি আইন' কী ? এটি কবে পাস হয় ?**

**উত্তর :** ব্রিটিশ সরকার ভারতে বাল্যবিবাহ ও বহুবিবাহ নিষিদ্ধ করা এবং অসবর্ণ বিবাহের স্বীকৃতি দিয়ে একটি আইন পাস করে । এটি **'তিনি আইন'** নামে পরিচিত ।

**9. চুঁইয়ে পড়া নীতি বা 'ক্রমনিম্ন পরিশ্রুত নীতি' বলতে কী বোঝায় ?**

**উত্তর :** কমিটি অব পাবলিক ইনস্ট্রাকশন -এর সভাপতি মেকলে বলেন যে, ভারতে উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণির মধ্যে ইংরেজি শিক্ষার প্রসার ঘটলে তা মধ্যবিত্তদের মাধ্যমে ক্রমে সাধারণ জনগণের মধ্যে ছড়িয়ে পড়বে । মেকলের এই পরিকল্পিত নীতি **'চুঁইয়ে পড়া নীতি'** বা **'ক্রমনিম্ন পরিশ্রুত নীতি'** নামে পরিচিত ।

**10. উড -এর ডেসপ্যাচ কী ?**

**উত্তর :** ভারতে ব্রিটিশ সরকারের বোর্ড অব কন্ট্রোলের সভাপতি চার্লস উড ১৮৫৪ খ্রিস্টাব্দে শিক্ষা সংক্রান্ত এক নির্দেশনামা অনুসারে আধুনিক ভারতের শিক্ষাব্যবস্থা গড়ে উঠেছে, যা উড -এর ডেসপ্যাচ নামে পরিচিত ।

**11. চিনে 'নজরানা ব্যবস্থা' বলতে কী বোঝায় ?**

**উত্তর :** কোনো বিদেশি দূত বাণিজ্যের উদ্দেশ্যে চিন সম্রাটের সাক্ষাৎপ্রার্থী হলে প্রথম তাকে চিন সম্রাটের প্রতি বশ্যতা স্বীকারের নিদর্শনস্বরুপ উপঢৌকন দিতে হত । এটি **নজরানা** পদ্ধতি নামে পরিচিত ।

**12. দিকু কাদের বলা হত ?**

**উত্তর :** ব্রিটিশ শাসনকালে বহিরাগত জমিদার, জোতদার, বণিক, মহাজন, ঠিকাদার, দালাল প্রভৃতি বিভিন্ন স্তরের মধ্যস্বত্বভোগী ব্রিটিশ সরকারের ছত্রছায়ায় থেকে ভারতের বিভিন্ন আদিবাসী এলাকায় ঢুকে পড়ে । আদিবাসীরা এই বহিরাগতদের **'দিকু'** বলত ।

**13. মাহাদ মার্চ কী ?**

**উত্তর :** সর্বসাধারণের জলাশয় থেকে অস্পৃশ্যরা যাতে জল নেওয়ার অধিকার পায় সেই দাবিতে (২০ মার্চ) বোম্বাইয়ের কেলাবা জেলায় চৌদার জলাশয়কে কেন্দ্র একটি মিছিল অনুষ্ঠিত হয় । এটি 'মহাদ মার্চ' নামে পরিচিত ।

**14. 'কর্নওয়ালিশ কোড' কী ?**
**উত্তর :** লর্ড কর্নওয়ালিশ সুষ্ঠুভাবে শাসন পরিচালনার জন্য ও বিচারব্যবস্থায় সংস্কারের জন্য তৎকালীন ঔপনিবেশিক ভারতে প্রচলিত আইনগুলিকে সংহত করে ১৭৯৩ খ্রিস্টব্দে যে কোড বা বিধিবদ্ধ আইন চালু করেন, তা **'কর্নওয়ালিশ কোড'** নামে পরিচিত ।

**15. 'দ্বৈত শাসন' বলতে কী বোঝায় ?**
**উত্তর :** ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৭৬৫ খ্রিস্টাব্দে বাংলার দেওয়ানি লাভ করার পর নবাবের হাতে আইনত বাংলার শাসনভার থাকলেও প্রকৃত শাসনক্ষমতা কোম্পানির হাতে চলে যায় । ফলে বাংলায় একদিনে নবাবের এবং অন্যদিকে কোম্পানির শাসন প্রতিষ্ঠিত হয়, যা দ্বৈত শাসন নামে পরিচিত ।

**16. নব্যবঙ্গ আন্দোলন বলতে কী বোঝায় ?**
**উত্তর :** উনিশ শতকে ডিরোজিওর নেতৃত্বে একদল তরুণ পুরোনো যুক্তিহীন এবং প্রচলিত হিন্দুধর্মের কুসংস্কারগুলি, অন্যায় সামাজিক প্রথাগুলিকে সম্পূর্ণ ভেঙে ফেলে নতুন সমাজ গঠনের আন্দোলন **'নব্যবঙ্গ আন্দোলন'** নামে পরিচিত ।

**17. সাউকার কাদের বলা হয় ?**
**উত্তর :** দাক্ষিণাত্যের বোম্বাই প্রেসিডেন্সিতে সুদখোর মহাজন শ্রেণি **'সাউকার'** নামে পরিচিত ।

**18. 'অন্ধকূপ হত্যা' কী ?**
**উত্তর :** হলওয়েল নামক জনৈক ইংরেজ কর্মচারী উল্লেখ করেছেন যে, সিরাজ-উদ্দৌলা কর্তৃক কলকাতা আক্রমণের (১৭৫৬ খ্রি.) পরে তাঁর নির্দেশে কলকাতায় বন্দি ১৪৬ জন ইংরেজ সৈন্যকে ১৮ ফুট লম্বা ও ১৪ ফুট ১০ ইঞ্চি চওড়া একটি ছোটো ঘরে আটক রাখা হয় । এর ফলে ১২৩ জন শ্বাসরুদ্ধ হয়ে মারা যায় । এই ঘটনা **'অন্ধকূপ হত্যা'** নামে পরিচিত ।

**19. কবে, কাদের মধ্যে আলিনগরের সন্ধি স্বাক্ষরিত হয় ?**
**উত্তর :** ১৭৫৭ খ্রিস্টব্দে (৯ ফেব্রুয়ারী ) বাংলার নবাব সিরাজ-উদ্দৌলা ও কলকাতার ইংরেজ কর্তৃপক্ষের মধ্যে আলিনগরের সন্ধি স্বাক্ষরিত হয় ।

**20. পলাশির যুদ্ধে উভয় পক্ষের প্রধান সেনাপতি কারা ছিলেন ?**
**উত্তর :** ১৭৫৭ খ্রি: পলাশির যুদ্ধে সিরাজ-উদ্দৌলার বাহিনীর মিরজাফর এবং ইংরেজ বাহিনীর লর্ড ক্লাইভ প্রধান সেনাপতি ছিলেন ।

**21. কোন্ আইনের দ্বারা কলকাতা সুপ্রিমকোর্ট সথাপিত হয় ?**
**উত্তর :** ১৭৭৩ খ্রিস্টাব্দে রেগুলেটিং অ্যাক্ট অনুসারে কলকাতায় সুপ্রিম কোর্ট স্থাপিত হয় ।

**22. কোন্ চার্টার আইনে ভারত ইস্ট ইন্ডিয়া কোম্পানির একচেটিয়া বাণিজ্যের অধিকার বন্ধ হয়ে যায় ?**
**উত্তর :** ১৮১৩ খ্রি: চার্টার আইন দ্বারা ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্যের অধিকার বন্ধ হয়ে যায় ।

**23. কে, কবে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা করেন ?**
**উত্তর :** উইলিয়াম জোনস ১৭৮৪ খ্রি: ১৫ জানুয়ারি ।

**24. 'শ্রীরামপুর ত্রয়ী' কাদের বলা হয় ?**
**উত্তর :** জোশুয়া মার্শম্যান, উইলিয়াম ওয়ার্ড ও উইলিয়াম কেরিকে **'শ্রীরামপুর ত্রয়ী'** বলা হয় ।

**25. 'বক্সার প্রোটোকল' কবে সম্পাদিত হয় ?**
**উত্তর :** ১৯০১ খ্রি: ।

**26. 'ক্যান্টন বাণিজ্য' বলতে কী বোঝায় ?**
**উত্তর :** বিদেশি বণিকদের কাছে চিনের সব বন্দর উন্মুক্ত ছিল না । চিনা আদালত ১৭৫৯ খ্রি: এক নির্দেশনামার দ্বারা শুধু ক্যান্টন বন্দরকেই বিদেশি বাণিজ্যের জন্য খুলে দেয় । এভাবে ক্যান্টন বন্দরকে কেন্দ্র করে চিনে বিদেশিদের এক-বন্দরকেন্দ্রিক যে বাণিজ্য প্রথার সূচনা হয় তা **'ক্যান্টন বাণিজ্য প্রথা'** নামে পরিচিত ।

**27. চিনের রুদ্ধদ্বার নীতি কী ছিল ?**
**উত্তর :** ক্যান্টন বাণিজ্যে অংশগ্রহণকারী বিদেশি বণিকদের চিনা ফৌজদারি ও বাণিজ্যক আইন মেনে চলতে হত এবং বাণিজ্যের মরশুম শেষে বন্দর ছেড়ে চলে যেতে হত । বণিদের চিনা ভাষা ও আদবকায়দা শিক্ষা, বাণিজ্য কুঠিতে আগ্নেয়াস্ত্রের প্রবেশ, দাসী নিয়োগ প্রভৃতি নিষিদ্ধ ছিল । চিনে বিদেশি বণিকদের প্রতি এই কঠোর নীতি **'রুদ্ধদ্বার নীতি'** নামে পরিচিত ।

**28. 'পলাশির লুণ্ঠন' বলতে কী বোঝায় ?**
**উত্তর :** পলাশির যুদ্ধ জয়লাভের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা থেকে অর্থ ও সম্পদ ইংল্যান্ডে পাচার করেছিল । ইংরেজরা সোনা, রুপো বা অন্য কোনো পণ্যসামগ্রীর বিনিময়ে এই সম্পদের নির্গমন ঘটায়নি । তাই এই ঘটনাকে লুণ্ঠন বলে উল্লেখ করেছেন ।

**29. 'কাও-তাও' প্রথা কী ?**
**উত্তর :** কোনো বিদেশি দূত বাণিজ্যের উদ্দেশ্যে চিনা সম্রাটের সাক্ষাৎপ্রার্থী হলে প্রথমে তাকে চিন সম্রাটের প্রতি বশ্যতা স্বীকারের নিদর্শস্বরুপ সম্রাটের সামনে ভূমি পর্যন্ত নত হতে হত । এটি **'কাও-তাও'** প্রথা নামে পরিচিত ।

**30. 'শতদিবসের সংস্কার' কী ?**
**উত্তর :** চিনের সম্রাট কোয়াং-সু সে দেশের সংস্কারকদের দাবি মেনে ১৮৯৮ খ্রি: এক সংস্কার কর্মসূচি ঘোষণা করেন । এই সংস্কারকার্য ১০০ দিন ধরে চলে বলে তা **'শতদিবসের সংস্কার'** নামে পরিচিত ।

**31. কে, কবে, কাদের কাছে একুশ দফা দাবি পেশ করে ?**
**উত্তর :** জাপান ১৯১৫ খ্রি: ১৮ জানুয়ারি চিনের কাছে একুশ দফা দাবি পেশ করে ।

**32. চিনে কোন্ বছর মে ফোর্থ আন্দোলন শুরু হয়েছিল ?**
**উত্তর :** ১৯১৯ খ্রিস্টাব্দের ৪ মে চিনের মে ফোর্থ মুভমেন্ট বা ৪ মে-র আন্দোলন শুরু হয়েছিল ।

**33. জেমস মিল ভারতের ইতিহাসকে কয়টি যুগে বিভক্ত করেছেন ও কী কী ?**
**উত্তর :** তিনটি যুগে বিভক্ত করেছেন, (১) হিন্দু যুগ, (২) মুসলিম যুগ ও (৩) ব্রিটিশ যুগ ।

## ❖ ব্যাখ্যামূলক প্রশ্ন (L.A.) (Marks- 8)

1. জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের প্রেক্ষাপট কী ছিল ? এই ঘটনার গুরুত্ব আলোচনা করো ।
2. মুসলিম সমাজের অগ্রগতিতে স্যার সৈয়দ আহমেদ খান ও আলীগড় আন্দোলন সম্পর্কে লেখো ।
3. চিনের ৪ঠা মে আন্দোলের কারণ ও ফলাফল আলোচনা করো ।
4. ‘ইয়ং বেঙ্গল’ বা ‘নব্যবঙ্গ’ নামে কারা পরিচিত ? এই আন্দোলনের সীমাবদ্ধতা এবং ব্যর্থতা পর্যালোচনা করো ।



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299